

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৪ সালের বি.এ/বি.এস.এস/ বি.বি.এস/ বি.এসসি ২য় বর্ষ অনার্স (নিয়মিত) পরীক্ষায় অংশ গ্রহণেচ্ছুক ছাত্রীদেরকে নিম্নের বর্ণিত তারিখ অনুযায়ী দাখিল ফরম পূরণ ও ফিসের টাকা জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। পরীক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/202) -Apply to online form fill-up (for Students) এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম পূরণ করে অনলাইন থেকে একটি প্রিন্ট কপি নিতে হবে। প্রিন্ট কপিতে উল্লেখিত ফিসের সাথে কলেজ নোটিশের নির্ধারিত টাকা যোগ করে ডাচ -বাংলা ব্যাংক বুথ শাখায় জমা দিতে হবে।

১। বিভাগে ফরম জমা ও ফিসের টাকা ইডেন কলেজ ক্যাম্পাস ডাচ -বাংলা ব্যাংক বুথে জমা দেয়ার সময়সূচী :

তারিখ	নির্ধারিত বিষয় /বিভাগের নাম	ফিসের পরিমাণ	ফি জমা দেয়ার স্থান ও সময়
২৬/০৭/১৫	বাংলা, সমাজকর্ম, ফিন্যান্স	ফরমে উল্লেখিত ফি + ৫৫০	ডাচ -বাংলা ব্যাংক বুথ
	ইংরেজি, হিসাববিজ্ঞান	ফরমে উল্লেখিত ফি + ৫৫০	রেজি:শাখা
২৭/০৭/১৫	গণিত, পদার্থ, রসায়ন, প্রাণি, মনো, গা.অর্থনীতি	ফরমে উল্লেখিত ফি + ৮৪০	ডাচ -বাংলা ব্যাংক বুথ
	রাষ্ট্রবিজ্ঞান, দর্শন,	ফরমে উল্লেখিত ফি + ৫৫০	রেজি: শাখা
২৮/০৭/১৫	ব্যবস্থাপনা, মার্কেটিং, ই.স.শিক্ষা	ফরমে উল্লেখিত ফি + ৫৫০	রেজি: শাখা
	ভূগোল (বিজ্ঞান)	ফরমে উল্লেখিত ফি + ৮৪০	ডাচ -বাংলা ব্যাংক বুথ
	ভূগোল (মানবিক)	ফরমে উল্লেখিত ফি + ৭৬৫	ডাচ -বাংলা ব্যাংক বুথ
	উদ্ভিদ	ফরমে উল্লেখিত ফি + ৭৬৫	ডাচ -বাংলা ব্যাংক বুথ
২৯/০৭/১৫	অর্থনীতি, ইতিহাস, ই. ইতিহাস	ফরমে উল্লেখিত ফি + ৫৫০	ডাচ -বাংলা ব্যাংক বুথ
	সমাজবিজ্ঞান,	ফরমে উল্লেখিত ফি + ৫৫০	রেজি: শাখা
৩০/০৭/১৫	সকল বিষয় , (যারা নির্ধারিত দিনে জমা দিতে পারে নাই)	যার জন্য যা প্রয়োজ্য	ডাচ -বাংলা ব্যাংক বুথ

সকাল ১০:০০টা থেকে বেলা ১:৩০টা পর্যন্ত

২। ডাটাএন্ট্রির ও বিবরণী অফিসে জমা দেয়ার সময়সূচী :

ক্রমিক নং	বিভাগে ডাটাএন্ট্রি নিশ্চয়নের শেষ তারিখ	এন্ট্রিকৃত ফরম ও বিবরণী অফিসে জমা দেয়ার তারিখ
১।	০২/০৮/২০১৫ইং	০৩/০৮/২০১৫ইং বেলা ১:০০টার মধ্যে

উল্লেখিত সময়ের পরে জরিমানা দিয়ে ফরম পূরণের কোন সুযোগ থাকবে না।

৪। ছাত্রীদের করণীয় :ডাচ- বাংলা ব্যাংক কলেজ বুথ-এ নির্ধারিত ফিসের টাকা (যার জন্য যা প্রয়োজ্য) জমা দিয়ে ব্যাংক রশিদ, ২য় বর্ষের (জুন/২০১৪ইং পর্যন্ত) বেতন পরিশোধের রশিদ দেখিয়ে বিভাগে আবেদন ফরম জমা দিতে হবে।

৫। বিভাগের করণীয় :

- ক) নির্ধারিত ফিসের টাকা জমা দেয়ার রশিদ ও জুন/২০১৪ পর্যন্ত বেতন পরিশোধের রশিদ দেখে ছাত্রীদের নিকট থেকে আবেদন ফরম গ্রহণ করতে হবে।
খ) বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইট www.nubd.info/202 থেকে বিষয়ওয়ারী সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা Probable list) প্রিন্ট করে নিতে হবে। পরীক্ষার্থীদের ডাটা অনলাইনে সঠিক এন্ট্রি করা হয়েছে কিনা তা (Probable list) এর সাথে যাচাই পূর্বক যথাযথভাবে নিশ্চয়ন করতে হবে।
গ) নিশ্চয়ন সম্পন্ন হলে অন-লাইনে পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।
ঘ) অবশ্যই বিষয় অনুযায়ী (Probable list) প্রিন্ট করে নিতে হবে, (Probable list) এ- নাম নেই এমন কোন ছাত্রী এ পরীক্ষার ফরম পূরণ করতে পারবে না।

৬। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

ক) নিয়মিত : ২০১৩ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল ছাত্রী ২য় বর্ষে উত্তীর্ণ / (Promoted) হয়েছে কেবল মাত্র সে সকল ছাত্রীরাই এ পরীক্ষার ফরম পূরণ করবে।

৮। পাঠ্যসূচী : ২০১৪ সালের বিএ-বিএসএস/বিবিএস/বিএসসি ২য় বর্ষ অনার্স পরীক্ষায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস অনুযায়ী শেষবারের মত অনুষ্ঠিত হবে। এ সিলেবাসে ভবিষ্যতে আর কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না। তবে কোন শিক্ষার্থীর রেগুলেশন অনুযায়ী গ্রেড উন্নয়ন পরীক্ষার সুযোগ থাকলে তাকে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সংশোধিত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী পরীক্ষা দিতে হবে।

৯। প্রয়োজনীয় কাগজপত্র :

- ক) আবেদন ফরমের সাথে রেজিঃ কার্ডের সত্যায়িত ফটোকপি, অনার্স ১ম বর্ষের প্রবেশ পত্রের ও টাকা জমার রশিদের ফটোকপি জমা দিতে হবে।
খ) প্রত্যেক পরীক্ষার্থী সদ্য তোলা ২কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) ১কপি আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ১কপি ছবি স্ব বিভাগে সংরক্ষণ করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আইকা আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর সত্যায়িত করে বিতরণ করতে হবে।

১০। ইনকোর্স প্রেরণ : পরীক্ষার্থীদের প্রবেশপত্র বিতরণের পর সংশ্লিষ্ট কোর্সের কোড নম্বর ও রোল নম্বরের বিপরিতে প্রাপ্ত মোট নম্বর অন-লাইনে এন্ট্রি করে প্রেরণ করতে হবে। প্রেরিত নম্বরের প্রিন্ট কপি যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপি খামে সীলগালা করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করতে হবে এবং ১ কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

বি.দ্র: অবশ্যই অনলাইন থেকে আবেদন ফরমের প্রিন্ট কপি এনে ফরম পূরণের ফিসের টাকা ব্যাংকে জমা দিতে হবে। ভুলবশত/অতিরিক্ত টাকা ব্যাংকে জমা দিলে কোন অবস্থাতেই কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(প্রফেসর হোসনে আরা)

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা

প্রফেসর হোসনে আরা
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা
আই.ডি. নং-২৮৬

২৩/৭/১৫

২৩/৭/১৫